# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ০৩/২০২৫ জে, তারিখ : ২২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয় : বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের সার্ভিস আইডি কার্ড হালনাগাদ/পুনঃইস্যুকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের গত ২৭.১১.২০২৪ খ্রি. তারিখের ৩১/২০২৪ জে, নং বিজ্ঞপ্তিমূলে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সার্ভিস আইডি কার্ডের ছবি ও তথ্য হালনাগাদের বিষয়সহ বিভিন্ন কারণে পুনঃইস্যুকরণ সংক্রান্ত আবেদন প্রতি বছর জানুয়ারি এবং জুলাই মাসে নিষ্পত্তি করা হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কতিপয় সদস্যের বছরের বিভিন্ন সময়ে জেলা ও দায়রা জজ/অতিরিক্ত জেলা ও দায়রা জজ/যুগ্ম জেলা ও দায়রা জজ/সিনিয়র সহকারী জজ/সমপর্যায়ের পদে পদোন্নতিজনিত কারণে পদবি পরিবর্তন হচ্ছে এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে নতুন চাকরিতে যোগদান করছেন। এছাড়া, বিভিন্ন সময়ে কতিপয় বিচারকের সার্ভিস আইডি কার্ড নষ্ট/হারিয়ে যাচ্ছে। ফলে সার্ভিস আইডি কার্ড নষ্ট/হারিয়ে যাওয়া/নতুন যোগদান/পদোন্নতি প্রাপ্ত হওয়াসহ বিভিন্ন কারণে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের সার্ভিস আইডি কার্ড হালনাগাদ/পুনঃইস্যুকরণ আবশ্যক।

৩। এমতাবস্থায়, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের সার্ভিস আইডি কার্ডের ছবি ও তথ্য হালনাগাদের বিষয়সহ বিভিন্ন কারণে ইস্যু/পুনঃইস্যুকরণ সংক্রান্ত আবেদন (অনলাইনে এসিআর সাবমিট করার নিমিত্ত স্ব-স্ব সার্ভিস আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে https://tools.bdcourts.gov.bd/id_cards/ লিংকে উল্লিখিত তথ্য পূরণপূর্বক অফিসিয়াল ছবি আপলোডসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল বরাবর আবেদন করতঃ উক্ত আবেদনের কপি অত্র কোর্টে ই-মেইলে (judgeidcard@gmail.com) আগামী ১৩.০২.২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

৪। উল্লেখ্য, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণের আবেদন প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট বিচারকের বর্তমান ঠিকানায় সার্ভিস আইডি কার্ড প্রেরণ করা হবে। এছাড়া, বিচার বিভাগীয় কর্মকর্তাগণ-কে পরিচিতি নম্বর উল্লেখসহ (সার্ভিস আইডি) পরিচয়পত্র (আইডি কার্ড) দাপ্তরিক কাজে ও সরকারী আচার-অনুষ্ঠানে ব্যবহার সংক্রান্তে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

(১) পরিচয়পত্র (আইডি কার্ড) যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহার করবেন;

(২) পরিচয়পত্র (আইডি কার্ড) যাতে নষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখবেন;

(৩) কর্মস্থলের বাইরে অপ্রয়োজনে পরিচয়পত্র (আইডি কার্ড) প্রদর্শন ও ব্যবহার করবেন না;

(৪) পরিচয়পত্রটি (আইডি কার্ড) নষ্ট হয়ে গেলে অথবা পদোন্নতিজনিত কারণে পদবী পরিবর্তন হলে নতুন পরিচয়পত্র (আইডি কার্ড) ইস্যুক্রমে প্রদান করার জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল বরাবর আবেদন করার পর নতুন পরিচয়পত্র (আইডি কার্ড) পাওয়ার সাথে সাথে পূর্বের পরিচয়পত্রটি (আইডি কার্ড) বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল বরাবর জমা প্রদান করবেন ;

(৫) পরিচয়পত্রটি (আইডি কার্ড) হারিয়ে গেলে নতুন পরিচয়পত্র (আইডি কার্ড) ইস্যুক্রমে প্রদান করার জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল বরাবর আবেদন করার সাথে উল্লিখিত লিংকে জিডির কপি আপলোড করতে হবে;

(৬) কোন বিচার বিভাগীয় কর্মকর্তা চাকুরী হতে অবসরে গেলে/চাকুরিচ্যুত হলে পরিচয়পত্রটি (আইডি কার্ড) বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল বরাবর জমা প্রদান করবেন;

০৫.০২.২৫

ড. মোঃ আতিকুস সামাদ
ডেপুটি রেজিস্ট্রার
যুগ্ম জেলা ও দায়রা জজ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(৭) পরিচয়পত্রটি (আইডি কার্ড) দ্বারা শুধুমাত্র বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যের পরিচয়ই প্রতিপাদিত হবে, এর অতিরিক্ত কোন সুবিধা/সুবিধাদি অত্র পরিচয়পত্রের অনুবলে দাবী করা যাবে না;

(৮) বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক পরিচয়পত্র (আইডি কার্ড) সংক্রান্তে পরবর্তীতে যে কোন নির্দেশনা অনুসরণ করবেন।

(৯) পরিচয়পত্রটি (আইডি কার্ড) হস্তান্তরযোগ্য নয়।

৫। আরো উল্লেখ্য, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে নতুন যোগদানকৃত কর্মকর্তাদেরকে সার্ভিস আইডি ও পাসওয়ার্ড এর জন্য হাইকোর্ট বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব কাজী পারভেজ আনোয়ার (০১৭১৯-৯০০৭৩৭ হোয়াস্টএ্যাপ)-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে

স্বাক্ষরিত
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১৩২১ জে, তারিখ: ২২ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------ ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, -------------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ---------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ----------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- -------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ....................................................... (সকল)।
১৬। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................. (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।

**প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**

২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪১। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪২। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৩। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৪। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৫। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

০৫.০২.২৫

(ড. মোঃ আতিকুস সামাদ)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোনঃ +৮৮০২২২৩৩৮১৮৬৫